

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ
ঢাকা

নংঃ ১৯.০০.০০০০.৫২০.৯৯.১২৭.১৯ - ২২৪

১০ এপ্রিল ২০১৯

বিজ্ঞপ্তি

কল্যাণ অনুবিভাগ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করে থাকেঃ

- ১। পাবলিক আওয়ার চালু করার মাধ্যমে প্রবাসে নিখোঁজ/বিপদগ্রস্ত বাংলাদেশির পরিবার/নিকটাত্মীয়ের যোগাযোগ সাপেক্ষে পরামর্শ ও বিভিন্ন সহযোগিতা প্রদান;
- ২। বিভিন্ন দেশ থেকে অবৈধ বাংলাদেশি অভিবাসীদের প্রত্যাভাসন ব্যবস্থাপনা;
- ৩। প্রবাসে অসুস্থ/জেলে বন্দি শ্রমিকদের প্রত্যাভাসন ব্যবস্থাপনা;
- ৪। প্রবাসে নির্যাতিত নারী গৃহকর্মীদের দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা;
- ৫। প্রবাসে নিহত বাংলাদেশির মৃতদেহ ফিরিয়ে আনার ব্যবস্থা করা;
- ৬। লিবিয়াগামী শ্রমিকদের অনুকূলে অনাপত্তি পত্র প্রদান;
- ৭। বিভিন্ন দেশের বিচারিক কার্যক্রমের জন্য লীগ্যাল এসিস্ট্যান্স প্রদান;
- ৮। প্রবাসে চাকরিরত অবস্থায় মৃত/ক্ষতিগ্রস্ত শ্রমিকদের ক্ষতিপূরণ আদায়ে সহযোগিতা;
- ৯। নাগরিকত্ব যাচাই/দ্বৈত নাগরিকত্ব/নাগরিকত্ব বাতিল সংক্রান্ত কার্যক্রম;
- ১০। কনস্যুলার একসেস, বন্দী বিনিময় সংক্রান্ত বিষয়াবলী;
- ১১। প্রবাসে মাদকদ্রব্য সহ বাংলাদেশি আটক সংক্রান্ত বিষয়াদি;
- ১২। কনস্যুলার সেবা ডিজিটাইজেশনের লক্ষ্যে “দূতাবাস” মোবাইল এপ্লিকেশন সংক্রান্ত বিষয়াদি।

উল্লিখিত বিষয়াবলী সংক্রান্ত যে কোন ইস্যু কল্যাণ অনুবিভাগে নিম্নলিখিত ব্যক্তির নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- মহাপরিচালক (কল্যাণ); ইমেইল - dgcnw@mofa.gov.bd
- পরিচালক (কল্যাণ); ইমেইল - dirwelfare@mofa.gov.bd
- সহকারী সচিব (কল্যাণ); ইমেইল - aswelfare@mofa.gov.bd; aswelfare2@mofa.gov.bd


10.04.2019
মোছাঃ আফরিন নাহার লতা
সহকারী সচিব (কল্যাণ)
ফোনঃ ৯৫৬২৯২৩
ইমেইলঃ-aswelfare2@mofa.gov.bd

বিতরণঃ

- ১। সকল অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়;
- ২। বিদেশে অবস্থিত সকল বাংলাদেশ দূতাবাস।